# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

সচিবালয় বিভাগ

সংস্থাপন শাখা

(www.ccc.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম-শহরের উন্নতি

স্মারক নং ঃ ৪৬.১১.১৬০০.০০১.৩১.০৪১.১৯.৪৯১ তারিখঃ ২৬/০৫/২০২২

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৭১.১১.০০১.২০১২(অংশ-১).৭৮ তারিখঃ ২৬/০১/২০২০ এর নির্দেশনা মোতাবেক চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অনুমোদিত অর্গানোগ্রামভূক্ত নিম্নেবর্ণিত শূন্য পদের জনবল নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম | বেতনক্রম ও গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) | ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ৩টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যন্ত্র প্রকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট এর সদস্য হইতে হইবে। |
| ২ | সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) | ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ৩টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিদ্যুৎ প্রকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট এর সদস্য হইতে হইবে। |
| ৩ | জনসংযোগ অফিসার-কাম-প্রটোকল অফিসার | ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণ যোগাযোগ ও সাংবাদিকতা বা আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণী বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য নয়; এবং<br>(গ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ৪ | ম্যালেরিয়া ও মশক নিয়ন্ত্রণ কর্মকর্তা | ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রাণি বিদ্যা বিষয়ে-<br>(অ) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>বা<br>(আ) স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>এবং<br>(খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ৫ | নিরাপত্তা কর্মকর্তা | ১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১) | ১টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) প্রতিরক্ষা বাহিনীর জুনিয়র কমিশন্ড অফিসার বা সিনিয়র ওয়ারেন্ট অফিসার পদে ৫(পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতাসম্পন্ন অবসরপ্রাপ্ত কর্মচারী; এবং<br>গ) সুঠাম দেহের অধিকারী। |

**শর্তাবলী ঃ-**

১। প্রার্থীদের বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে ক্রমিক নং ৫ এর ক্ষেত্রে বয়স অনুর্ধ ৪০ বছর। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স হবে ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনক্রমেই এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। আবেদনপত্রের সাথে সত্যায়িত সদ্য তোলা ৩(তিন) কপি পাসপোর্ট আকারের ছবি, জাতীয়তা সনদপত্র, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে), শিক্ষাগত যোগ্যতা ও জাতীয় পরিচয়পত্রের ছায়ালিপি প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়নপূর্বক সংযুক্ত করতে হবে।

৩। মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন বরাবরে ১০০০ (এক হাজার) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৪। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হলে এ সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৫। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান অন্যান্য সকল বিধি-বিধান অনুসরণ করা হবে।

৬। ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গন্য হবে।

৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন বরাবরে আবেদন করতে হবে।

৮। লিখিত পরীক্ষা ও সাক্ষাৎকার গ্রহনের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।

৯। আবেদনপত্রের সাথে যোগাযোগের ঠিকানা সম্বলিত "ফেরত খাম (স্ট্যাম্পসহ)" দিতে হবে।

১০। আবেদনপত্র আগামী ১৬.০৬.২০২২ তারিখ অফিস চলাকালীন সময়ের মেধ্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিবালয় বিভাগের সংস্থাপন শাখায় (৪র্থ তলা, কক্ষ নং-৪০৬) জমা দিতে হবে।

১১। নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**প্রধান নির্বাহী কর্মকর্তা**
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

চসিক/জস/-১৩৪/২১-২২
সাইজ: ৯"X৩ক:
জিডি-১০৮৪